**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**
**উত্তরখান শাখা, ১৮৪৩/এ, শাহ্ কবির মাজার রোড, উত্তরখান, ঢাকা।**

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরখান শাখার ঋণগ্রহীতা **মেসার্স হাই-চয়েজ এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর-মোঃ আব্দুল গাফফার শেখ,** পিতা-হাজী আব্দুল মজিদ শেখ, মাতা-ভিয়ালা বেগম, ব্যবসায়ীক ঠিকানা-বাড়ী নং-১৩, রোড নং-০১, সেক্টর-০৯, উত্তরা, ঢাকা এবং বাড়ী নং-০৯, মিরাশপাড়া (আমতলী), মুন্নুনগর-১৭১০, টঙ্গী, গাজীপুর এবং স্থায়ী ঠিকানাঃ গ্রাম-সাকপালদিয়া, পোঃ অফিস-তালমা, থানা-নগরকান্দা, জেলা-ফরিদপুর কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৬-১০-২০১৬ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট **১,৫১,২৩,৬৪৮.৯১** (এক কোটি একান্ন লক্ষ তেইশ হাজার ছয়শত আটচল্লিশ টাকা একানব্বই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

১। জেলা-গাজীপুর, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-টঙ্গী, জে.এল.নং-সি.এস.-১২৬, এস.এ.-১২৫, আর.এস.-৩৮, মৌজা-বড় দেওরা, সি.এস. খতিয়ান-৪৯, এস.এ. খতিয়ান-৮১, আর.এস. খতিয়ান- ১৭৭, বি.এস. খতিয়ান নং-১৮৯৩, মিউটেশন খতিয়ান নং-১৭৭, জোত নং-৪৭৬২, সি.এস. ও এস. এ. দাগ নং-১৭৬, আর.এস. দাগ নং-২৯৫, বি.এস. দাগ নং-২০০০, জমির পরিমাণ ৪.৯৫ শতাংশ ও তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে-মোঃ রফিকুল ইসলাম গং, দক্ষিণে-আজিজুল হক, পূর্বে-মোঃ মুজিবুর রহমান এবং পশ্চিমে-৬ ফুট রাস্তা।

২। জেলা- গাজীপুর, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-টঙ্গী, জে.এল.নং-সি.এস.-১৩০, এস.এ.-১৩২, আর.এস.-৫১, মৌজা-পাগার, সি.এস. খতিয়ান- ১২৯, এস.এ. খতিয়ান-২২৪, আর.এস. খতিয়ান-৬৮, সি.এস. ও এস.এ. দাগ নং-১২২, আর.এস. দাগ নং-৩০৫, জমির পরিমাণ ৬.৬০ শতাংশ ও তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে-তাইজুদ্দীন, দক্ষিণে-আনিস, পূর্বে-রাস্তা এবং পশ্চিমে-সাত্তার।

৩। জেলা- গাজীপুর, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-টঙ্গী, জে.এল.নং-সি.এস.-৮৪, আর.এস.-১৬, মৌজা-কলমেশ্বর, সি.এস. খতিয়ান- ১৪৪, এস.এ. খতিয়ান-১৯৭, আর.এস. খতিয়ান-১৪৬, সি.এস. ও এস.এ. দাগ নং-৪৭২, আর.এস. দাগ নং-৩৬১, জমির পরিমাণ ৪.৯৫ শতাংশ এবং তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে-গফুরের বিক্রিত জমি, দক্ষিণে-৬ ফুট রাস্তা, পূর্বে-৮ ফুট রাস্তা এবং পশ্চিমে-মোঃ নুরুল ইসলাম গং।

**নিলামের শর্তাবলী ঃ-**

১। আগামী ২০/০৩/২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরখান, ঢাকা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরখান শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রিশন ফ্রি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

শাখা ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরখান শাখা, ঢাকা।